# পূবালী স্কুল ব্যাংকিং

স্কুলগামী ছাত্র-ছাত্রীদের মাঝে সঞ্চয়ের প্রবৃত্তি গড়ে তোলা, আধুনিক ও প্রযুক্তি নির্ভর ব্যাংকিং ব্যবস্থায় তাদের উৎসাহ সৃষ্টি এবং সর্বোপরি অন্তর্ভূক্তিমূলক অর্থনীতির মাধ্যমে জাতীয় অর্থনীতিতে তাদের অবদান নিশ্চিত করতে পূবালী ব্যাংক লিমিটেড স্কুল ব্যাংকিং চালু করেছে।

সুবিধা ও বৈশিষ্ট্যসমূহঃ

- এটি একটি সঞ্চয়ী হিসাব। তবে, প্রয়োজনে এ হিসাব হতে স্থানান্তরের মাধ্যমে যে কোন সঞ্চয়ী স্কীম খোলা যাবে।
- হিসাবটি ছাত্র-ছাত্রীর পিতা-মাতা/অভিবাবক কর্তৃক পরিচালিত হবে
- প্রারম্ভিক ন্যূনতম জমার পরিমান ১০০/-
- সাধারণ সঞ্চয়ী হিসাবের সুদ প্রদান করা হয়
- ফ্রি ডেবিট কার্ড
- এই হিসাবের বিপরীতে কোন চেক বই প্রদান করা হবে না, এটিএম কার্ডের (ডেবিট কার্ড) মাধ্যমে প্রতি মাসে সর্বোচ্চ ২০০০/- টাকা উত্তোলন করা যাবে।
- ফ্রি এসএমএস এ্যালার্ট
- সরকারী চার্জ ব্যতীত অন্য কোন চার্জ প্রযোজ্য নয়
- সর্ববৃহৎ অনলাইন নেটওয়ার্কের মাধ্যমে লেনদেনের সুবিধা
- হিসাবধারীর বয়স ১৮ বছর পূর্ণ হলে হিসাবটি সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তরিত হবে

যোগ্যতা ঃ

- ৬ হতে ১৮ বছরের কম বয়সী যেকোন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী
- ছাত্র-ছাত্রী এবং তার অভিভাবক/পিতা-মাতা উভয়কেই বাংলাদেশী নাগরিক হতে হবে

প্রয়োজনীয় কাগজপত্র ঃ

ছাত্র-ছাত্রীর জন্য

- জন্ম সনদের সত্যায়িত ফটোকপি
- শিক্ষা প্রতিষ্ঠানের বৈধ পরিচয়পত্রের ফটোকপি
- সর্বশেষ মাসিক বেতনের রশিদের ফটোকপি
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২ কপি)

অভিভাবকের জন্য

- জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (২ কপি)

নমিনীর জন্য

- জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর ফটোকপি
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি (১ কপি)

* ছাত্র/ছাত্রী এবং অভিভাবক উভয়ের জন্যই "ব্যক্তি সংক্রান্ত তথ্যাবলী" ফরম পূরণ করতে হবে এবং উভয় ফরমে অভিভাবকের স্বাক্ষর গ্রহণ করতে হবে।

** ছাত্র/ছাত্রী এবং অভিভাবক উভয়ের নমুনা স্বাক্ষর (Specimen Signature Card) সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে

*** স্কুল ব্যাংকিং হিসাব খোলার সময় Debit Card Application Form পূরণ করতে হবে (এই হিসাবের বিপরীতে কোন চেক বই প্রদান করা হবে না)।

Pubali Bank Ltd. General Services & Dev. Division Head Office, Dhaka

# স্কুল ব্যাংকিং হিসাব পরিচালনার নিয়মাবলী

- ছয় থেকে আঠার বছরের কম বয়সী শিক্ষার্থীদের পক্ষে পিতা/মাতা অথবা আইনগত অভিভাবকের মাধ্যমে হিসাবটি পরিচালিত হবে।
- পূবালী স্কুল ব্যাংকিং একটি সঞ্চয়ী হিসাব। তবে, প্রয়োজনে এ হিসাব হতে স্থানান্তরের মাধ্যমে যে কোন সঞ্চয়ী স্কীম খোলা যাবে।
- আবেদনকারী ও হিসাব পরিচালনাকারী ব্যাংক কর্তৃপক্ষকে লিখিত বিবৃতি দ্বারা তাদের মনোনীত নমিনী বাতিল বা পরিবর্তন করতে পারবে। তবে সেক্ষেত্রে পূর্বের মনোনয়ন বাতিল বলে স্বাক্ষর করতে হবে এবং নতুন নমিনী নিয়োগে পৃথক আবেদন করতে হবে। পাশাপাশি নতুন মনোনীত নমিনীর ছবি এবং স্বাক্ষর সত্যায়িত করতে হবে।
- প্রত্যেকটি হিসাবের জন্য একটি পৃথক নম্বর দেয়া হবে। উক্ত নম্বর প্রত্যেকবার হিসাব হতে টাকা উঠানো, টাকা জমা দেয়া এবং উক্ত হিসাব বিষয়ক কোন লেনদেন ও চিঠিপত্র আদান প্রদানের সময় নিজ নিজ হিসাব নম্বরটি উল্লেখ করতে হবে।
- এই হিসাবের বিপরীতে কোন চেক বই প্রদান করা হবে না, এটিএম কার্ডের (ডেবিট কার্ড) মাধ্যমে টাকা উত্তোলন করা যাবে।
- একজন আমানতকারী তার হিসাবে যতবার ইচ্ছা টাকা জমা দিতে পারবেন। তবে জমাকৃত অর্থের উৎস আইনগত বৈধ ও সম্পাদিত লেনদেন যৌক্তিক হতে হবে। এক্ষেত্রে গ্রাহক ব্যাংক কর্তৃপক্ষকে চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ডকুমেন্ট দিতে বাধ্য থাকবে। "বাহক বা আদেশ" চেক, ড্রাফট, পে-অর্ডার ইত্যাদির অর্থ সংগ্রহের দায়িত্ব ব্যাংক গ্রহণ করতে পারে। হিসাবে জমা দেয়ার পূর্বে সকল চেক, ড্রাফট পে-অর্ডার ইত্যাদি "রেখায়িত (Crossed)" করে দিতে হবে।
- প্রতি মাসে সর্বোচ্চ ২০০০/- টাকা উত্তোলন করা যাবে, তবে, অভিভাবকের অনুরোধের প্রেক্ষিতে এ সীমা সর্বোচ্চ ৫০০০/- টাকায় বর্ধিত করা যেতে পারে।
- বিশেষ যৌক্তিক প্রয়োজনে (যেমনঃ টিউশন ফি., শিক্ষা প্রতিষ্ঠানের বেতন/ফি, পরীক্ষার ফি. প্রভৃতি) অর্থ উত্তোলনের জন্য অভিভাবকের আবেদনের প্রেক্ষিতে পেমেন্ট অর্ডারের মাধ্যমে টাকা উত্তোলন করা যেতে পারে।
- সর্বনিম্ন জমার পরিমাণ ১০০/-, পরপর ৬ (ছয়) মাস হিসাবে কোন জমা প্রদান না হলে ব্যাংক কর্তৃপক্ষ হিসাবটি বন্ধ করতে পারবে।
- সাধারণ সঞ্চয়ী হিসাবের হার ও নিয়ম অনুসারে এ হিসাবে সুদ প্রদান করা হবে, সুদের হার ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী যেকোন সময় পরিবর্তন করা হতে পারে।
- শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন হলে, অভিভাবক লিখিত ভাবে তা ব্যাংকে অবহিত করবেন এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা দিবেন।
- স্কুল ব্যাংকিং হিসাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিধি-বিধান এবং নীতিমালাগুলো প্রযোজ্য হবে।
- হিসাবধারীর বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার সাথে সাথে হিসাবধারীর সম্মতির প্রেক্ষিতে এরূপ হিসাব সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তরিত হবে এবং তা চালু থাকবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট আইনগুলো এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিধি-বিধান এবং নীতিমালাসমূহ যথারীতি প্রযোজ্য হবে। উল্লেখ্য সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তরিত করার ক্ষেত্রে পূর্ণাঙ্গ KYC সম্পাদন করতে হবে ও TP সহ অন্যান্য ঘোষণা পত্র এবং নতুন করে আলোকচিত্র ও নমুনা স্বাক্ষর সংগ্রহ করতে হবে।
- হিসাব ধারীর বয়স ১৮ বছর পূর্ণ হবার পর সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তরকরণের পূর্ব পর্যন্ত এরূপ হিসাব হতে কোন উত্তোলন (হিসাববন্ধকরণ ব্যতীত) গ্রহণযোগ্য হবে না।
- আমানতকারীর অনুরোধে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী ব্যাংকের এক শাখা হতে অন্য যে কোন শাখায় হিসাব স্থানান্তর করা যেতে পারে, তবে এক্ষেত্রে ব্যাংক আমানতকারী থেকে প্রকৃত ডাক মাশুল আদায় করবে।
- হিসাব পরিচালনার ক্ষেত্রে দেশে প্রচলিত মানি লন্ডারিং প্রতিরোধ আইন, সন্ত্রাস বিরোধী আইন, FATCA এবং অন্যান্য আইনের সংশ্লিষ্ট ধারাসমূহ প্রযোজ্য হবে।
- উপরোক্ত শর্তাবলীর বাহিরে সাধারণ সঞ্চয়ী হিসাবের অন্যান্য শর্তাবলী স্কুল ব্যাংকিং হিসাবের ক্ষেত্রেও প্রযোজ্য।

উপরে উল্লিখিত শর্তসমুহে রাজি সাপেক্ষে সঞ্চয়ী হিসাব খোলা হয়।

অঙ্গীকারনামা ঃ আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করছি যে, হিসাব পরিচালনায় উপরোল্লিখিত ব্যাংকের নিয়ামাবলী ও শর্তসমূহ এবং ভবিষ্যতেও সময়ে সময়ে ব্যাংক কর্তৃক পরিবর্তিত নিয়ামাবলী, সুদহারের পরিবর্তন, সরকারী কর, ভ্যাট, শুল্ক ইত্যাদি ও সরকার কর্তৃক প্রদত্ত নির্দেশনা ইত্যাদি প্রযোজ্য হারে কর্তন যথাযথভাবে পরিপালন/ মেনে চলার অঙ্গীকারাবদ্ধ হলাম।

আবেদনকারীর স্বাক্ষর (ছাত্র ছাত্রীর)

(নাম ..........................................................................)

হিসাব পরিচালনাকারী/অভিভাবকের স্বাক্ষর

(নাম ..........................................................................)

Pubali Bank Ltd. General Services & Dev Division Head Office, Dhaka